আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনা কিশোরীর মৃত্যু, যুবক আহত

বান্ধবীকে সাথে নিয়ে আলমডাঙ্গা বাজারে মোটরসাইকেলে আসার পথে পাখি ভ্যানের ধাক্কায় এক কিশোরীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় মোটরসাইকেল চালক গুরুত্বর আহত হয়।

ঘটনাটি শনিবার দুপুর ১ টার দিকে পৌর শহরের লালব্রিজ প্রাঙ্গণে ঘটেছে। স্থানীয়রা তাদের উদ্ধার করে আলমডাঙ্গার হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। নিহত কিশোরী তাবানুর (২১) কুষ্টিয়ার মিরপুর থানার আমবাড়িয়া গ্রামের আঃ রবের মেয়ে। আহত যুবক একই এলাকার আহাদ আলির ছেলে আলামিন (২২)।

জানাগেছে, কুষ্টিয়া মিরপুর থানার আমবাড়িয়া গ্রামের আহাদ আলির ছেলে আলামিন (২২) তার বান্ধবী একই গ্রামের আঃ রবের মেয়ে তাবানুর
(২১) কে নিয়ে আলমডাঙ্গায় যাচ্ছিলো। দুপুর ১ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার লালব্রিজের নিকট পৌঁছালে বিপরীত দিক থেকে দ্রুত গতিতে ছুটে আসা পাখি ভ্যান।

মোটরসাইকেল সাইড দিতে গিয়ে মোটরসাইকেলের পিছন থেকে ছিটকে পড়ে যায় কিশোরী তাবানুর। স্থানীয়রা তাদের উদ্ধার করে স্থানীয় ক্লিনিকে ভর্তি করে। তাবানুরের অবস্থা আশঙ্কা জনিত হওয়ায় হারদি হাসপাতালে রেফার্ড করে। হাসপাতালে নেওয়ার পথে কিশোরী তাবানুর মারা যায়। এ ঘটনায় আহত মোটরসাইকেল চালক আলামিন প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে যায়।

দুর্ঘটনার খবরটি আমবাড়িয়ায় পৌঁছালে এলাকাজুড়ে শোকের ছায়া নেমে যায়। রাত ৮ টার দিকে আমবাড়িয়া গোরস্থানে কিশোরীর লাশ দাফন সম্পন্ন হয়।

হরিণাকুণ্ডুতে ইউপি নির্বাচন পরবর্তী হামলা-ভাংচুর, অগ্নিসংযোগ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ৫ জানুয়ারি ৮টি ইউনিয়নে নির্বাচনের পর আওয়ামী লীগ ও বিদ্রোহী প্রার্থীদের মধ্যে সংঘাত, বসতবাড়িতে হামলা, ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। বিভিন্ন সুত্রে পাওয়া তথ্যমতে বুধবার ভোট ভোগননার পরদিন ৬জানুয়ারী হরিণাকুণ্ডু উপজেলার কাপাশহাটীয়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের বিজয়ী মেম্বার প্রার্থী কুরবান আলীর কর্মী সমর্থকরা পরাজিত প্রার্থী কাজী মশিয়ার এর কর্মী সমর্থকদের উপর হামলা চালাই।

ভোক্তভোগীদের অভিযোগ, আমরা কাজী মশিয়ারকে ভোট দিয়েছি। নির্বাচনে হেরে যাওয়ার পর কুরবান মেম্বার তার দলবল সাথে করে হাসুয়া রামদা নিয়ে আমাদের বসতবাড়িতে হামলা, ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করে। কুরবান মেম্বার ও তার গুন্ডাবাহীনিদের অত্যাচারে আমাদের বাড়িতে কোনও পুরুষ মানুষ নেই। থানায় মামলা করেও আমরা নিরাপত্তা হিনতায় ভুগছি। তারা আমাদের প্রতিনিয়ত হুমকি ধামকী দিয়ে যাচ্ছে। এমনকী বাড়ির নারী ও শিশুরাও নিরাপদ নেই। মেয়েদেরকে বাসা থেকে বিবস্ত্র করে বাড়ী থেকে বের করে দেয়ার কথাও জানান। এঘটনায় নগদ টাকা ও স্বর্ণালঙ্কার সহ বাড়ীর আসবাবপত্র ভাংচুর করে ৯ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি করেছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এলাকাবাসীরা জানান, দীর্ঘদিনের পুরাতন শত্রুতার জের ধরে বৃহস্পতিবার কাজী মশিউর মেম্বার নির্বাচনে পরাজিত হওয়ার পর কুরবান মেম্বারের সমর্থকদের সাথে সংঘর্ষ বাঁধলে মূহুর্তেই তা ছড়িয়ে পড়ে এলাকা জুড়ে। এখনো পর্যন্ত তারা নানা ভাবে ভয় ভিতি দেখিয়ে আসছে বলেও জানা গেছে। সরজমিনে গিয়ে দেখাগেছে পুরুষ শুন্য এলাকায় এখনো থমথমে অবস্থা বিরাজ করছে।

এঘটনায় নবনির্বাচিত মেম্বার মোঃ কুরবান আলীর সাথে কথা বলতে গেলে তাকে বাড়িতে পাওয়া যায়নি। পরবর্তীতে মুঠোফোনে বারবার যোগাযোগ করেও ফোনটি বন্ধ পাওয়ায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।
এব্যাপারে কাপাশহাটীয়া ইউপি চেয়ারম্যান এর ভাই জানান, ঘটনা যায় ঘটুক এটা সম্পূর্ণ অন্যায়।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আমরা ঘটনাস্থলে গিয়েছিলাম। এ ঘটনায় থানায় একটি মামলা হয়েছে। আসামীদের ধরার চেষ্টা অব্যাহত রয়েছে, এখনো পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি। আসামীরা পালাতক রয়েছে বলে জানান এই মামলার তদন্ত কারী কর্মকর্তা এস আই মহাসিন।

এঘটনায় কাপাশহাটীয়া ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু জানান, ঘটনাটি অনাকাংঙ্খিত আমরা এনিয়ে দ্রুতই সামাজিক ভাবে মিমাংশা করতে পারবো বলে আশা করি।

মেহেরপুরে যুবকের আত্মহত্যা

ছাগল বিক্রি নিয়ে পিতার সাথে অভিমান করে ত্রিমতি মন্ডল (২৩) নামের এক যুবক গলাই দড়ি দিয়ে আত্মহত্যা করেছেন। তিমতি মন্ডল মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের রাজু কুমারের ছেলে।

আজ শনিবার (৮ জানুয়ারী) বেলা ১১ টার দিকে মুজিবনগর থানা পুলিশ বাড়ির পাশের একটি আমবাগান থেকে ত্রিমতি মন্ডলের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেন।

শুক্রবার রাতের কোনো এক সময় ত্রিমতি মন্ডল আম বাগানে গলাই দড়ি দিয়েছে বলে জানিয়েছেন তার পিতা রাজু মন্ডল।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান, পিতার সাথে ত্রিমতি মন্ডলের ছাগল বিক্রি করা নিয়ে পারিবারিক কলহের জের ধরে ঝগড়া ঝাটি হয়েছে। অভিমানে রাতের কোনো এক সময় সে আত্মহত্যা করেছে বলে পারিবারিক জানিয়েছেন। নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। ময়না তদন্তের জন্য মরদেহ মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

ঝিনাইদহে ৩ টিকটকারকে মদ পান করার অপরাধে এক বছর করে জেল

মদ ও মরণ নেশা ইয়াবা সেবনকালে এক তরুণীসহ ৩ টিকটকার কে গ্রেফতার করেছে ঝিনাইদহ সদর পুলিশ। তাদেরকে পৌরসভাধীন গয়েশপুর মাষ্টারপাড়া থেকে সন্ধায় গ্রেফতার করা হয়। পরে তাদের এক বছর জেল দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।
গ্রেফতারকৃতরা হলো, ঝিনাইদহ পৌরসভাধীন পবহাটি গ্রামের তোফাজ্জেলের মেয়ে সাদিয়া আনজুম তুলি (২১), পাগলাকানাই বাঁকা ব্রীজ এলাকার রিটুলের ছেলে সংগ্রাম(২২) এবং গয়েশপুর এলাকার আঃ মালেকের ছেলে সিয়াম হোসেন (২০)।
ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ম্যাজিষ্ট্রেট এসএম শাহীন বলেন, আটককৃত ৩ জনকে মাদকদ্রব্যাদি সেবন ও কাছে রাখার অপরাধে ভ্রাম্যমাণ আদালতে পৃথকভাবে ১ বছরের কারাদন্ড প্রদান করা হয়।
ঝিনাইদহ সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ সোহেল রানা জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমরা গয়েশপুর এলাকায় অভিযান পরিচালনাকালে মদ্যপ অবস্থায় ৩জনকে আটক করি। পরে তাদের কাছ থেকে মাদক দ্রব্য ইয়াবা সেবনের সরঞ্জামাদি উদ্ধার করা হয়।
তিনি আরো জানান, পরবর্তীতে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদেরকে ০১ (এক) বছরের কারাদন্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করা হয়। সেই সাথে, কথিত টিকটকার মাদকসেবিদের এরূপ কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য বলা হয়। পাশাপাশি এরূপ কার্যকলাপের সাথে জড়িতদের আইনের আওতায় নিয়ে আসার জন্য জনসাধারণকে ঝিনাইদহ সদর থানা পুলিশকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাংস্কৃতিক অনুষ্ঠান

‘নব উদ্যোগে অধিকার রক্ষায় আগামীর পথে’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও নতুন বছর আগমন উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণীর আয়োজন করা

হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যায় জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণীর আয়োজন করা আয়োজন করা হয়।

হোটেল বাজার ব্যবসায়ী সমিতির আয়োজনে অরণী থিয়েটারের আহবায়ক নিশান সাবেরের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, মেহেরপুর পৌর মেয়র মাহফুজ রহমান রিটন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল প্রমুখ।

সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সংগীত পরিবেশণ ও কবিতা আবৃত্তি করে দর্শকদের মুগ্ধ করে তোলেন।
পরে, সকালে অনুষ্ঠিত হওয়া ফুটবল ম্যাচ, চিত্রাংকন ও কবিতা আবৃত্তি বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা, দরিদ্র ও অসহায় শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। শুক্রবার বিকালে পৌর শহরের সনি আবাসিকের সামনে শীতার্তদের মাঝে এই কম্বল বিতরণ অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শীতার্ত মানুষের হাতে কম্বল তুলে দেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী।

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সিনিয়র সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, পৌর আ.লীগের যুগ্ম-আহ্বায়ক সরোয়ার হোসেন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, সাবেক ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দিন সহ উপজেলা ও পৌর আ.লীগের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা।

জীবননগর হাসাদাহে সাংবাদিক মতিয়ারের মটরসাইকেল শোডাউন

জীবননগর উপজেলার হাসাদাহ ইউনিয়নের আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে সাংবাদিক মতিয়ার রহমানের উদ্যোগে হাসাদাহ ইউনিয়নের ৯ টি ওয়ার্ডে মটরসাইকেলে শোডাউন করা হয়েছে।

শুক্রবার বিকেলে সাংবাদিক মতিয়ার রহমানের নিজ গ্রাম তারানিবাস ১থেকে ৫০ টি মটরসাইকেল নিয়ে শোডাউন বেরিয়ে পড়েন এলাকা গুলো ঘুশিপাড়া, বকন্ডিয়া, কাটাপোল, মাধবপুর, পুরন্দপুর, কন্দপপুর, বৈদ্যনাথপুর গ্রামে ভোটারদের সাথে কুশল বিনিময় ও প্রচারনা করেন তিনি।

এসময় বদরউদ্দীন, আবু বক্কর, কুদ্দুস, মনিরুজ্জামান রিপন, শাহাজুলসহ অনেকে শোডাউনে অংশ নেন ।

শৈলকুপায় নির্বাচন পরবর্তী সহিংসতা, আহত ৩

ঝিনাইদহের শৈলকুপায় নির্বাচন পরবর্তী সহিংসতায় আওয়ামী লীগের দুই গ্রুপের সংঘর্ষে বাড়িঘর ভাংচুরের ঘটনা ঘটেছে। এ সময় ৩০টি বাড়ি

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted] [redacted]-[redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [